

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ  
বিএসএল অফিস কমপ্লেক্স, ভবন-২ (লেভেল-৫)  
১১৯, কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০  
[www.bfsa.gov.bd](http://www.bfsa.gov.bd)

## বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ২০২৪-২০২৫ অর্থবছরের সেবা সহজীকরণ/ডিজিটাইজেশন আইডিয়ার বর্ণনা

আইডিয়া প্রদানকারীর নাম: পৌষালি নাওয়ার, বৈজ্ঞানিক কর্মকর্তা, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ

বাস্তবায়নকারী দপ্তর: খাদ্য পরীক্ষাগার নেটওয়ার্ক সমন্বয় বিভাগ

১. গৃহীত উদ্ভাবনী/সহজীকরণ সেবার নাম: Food Testing & Risk Profiling Database

২. সেবার ধরন: অভ্যন্তরীণ দাপ্তরিক সেবা

৩. সেবাটি বর্তমানে কীভাবে দেয়া হয়? (প্রসেস ম্যাপ):

জেলা কার্যালয় সমূহ হতে নমুনা সংগ্রহ করা হয়



নমুনার তথ্যসমূহ লগবুকে সংরক্ষণ করা হয়



নমুনাসমূহ ল্যাবে পাঠানো হয় এবং ল্যাবের তথ্য লগবুকে ইনপুট দেওয়া হয়



ল্যাবসমূহ হতে নমুনা পরীক্ষার রিপোর্ট গ্রহণ করা হয়



নমুনা পরীক্ষায় প্রাপ্ত ফলাফল লগবুকে সংরক্ষণ করা হয়

৪. সেবার বর্তমান সমস্যাসমূহ:

- ১। তথ্য সংরক্ষণ কষ্টসাধ্য ও সময়সাপেক্ষ ব্যাপার;
- ২। তথ্যসমূহ সুবিন্যস্ত আকারে রাখার সুবিধা না থাকায় নমুনা পরীক্ষার ফলাফল বিশ্লেষণ করা অসুবিধাজনক;
- ৩। তথ্য সংশোধনের ক্ষেত্রে বাধার সম্মুখীন হতে হয়;
- ৪। রিস্ক প্রোফাইলিং এর জন্য ডাটা এনালাইসিস এর সুযোগ সীমিত থাকে;
- ৫। বেশি পুরনো তথ্য পুনরুদ্ধার করা কঠিন হয়ে দাঁড়ায়।

৫. সমস্যার প্রস্তাবিত সমাধান/আইডিয়া (বুলেট আকারে):

- ১। Google Sheets এ একটি Excel File ওপেন করা এবং সেখানে সকল ডাটা সংরক্ষণ;
- ২। এর ফলে যে কোন সময় যে কোন জায়গা থেকে ডাটা ইনপুট দেওয়া ও প্রদর্শন সম্ভব হবে;
- ৩। সহজেই সংশোধনযোগ্য হওয়ায় কাজ সহজসাধ্য হবে;
- ৪। তথ্য সহজেই Sorting ও Filtering Options এর মাধ্যমে বিশ্লেষণ করা সুবিধাজনক হবে;
- ৫। Food Risk Profile তৈরি করা অধিকতর সহজ হবে।

৬. সহজিকৃত আইডিয়ার নতুন প্রসেস ম্যাপ:

জেলা কার্যালয় সমূহ হতে নমুনা সংগ্রহ করা হবে



নমুনার তথ্যসমূহ Google Sheets এ সংরক্ষণ করা হবে



নমুনা সমূহ ল্যাবে পাঠানো হয় এবং ল্যাবের তথ্য Google Sheets এ ইনপুট দেওয়া হবে



ল্যাবসমূহ হতে নমুনা পরীক্ষার রিপোর্ট গ্রহণ করা হবে



নমুনা পরীক্ষায় প্রাপ্ত ফলাফল Google Sheets এ সংরক্ষণ করা হবে

প্রত্যাশিত ফলাফল:

এটি এ কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীদের কাজে গতিশীলতা সৃষ্টি করবে। এখানে তথ্য সংরক্ষণ ও সংশোধন করা সুবিধাজনক বিষয়ে সহজেই তথ্য বিশ্লেষণ করা যাবে এবং রিস্ক প্রোফাইলিং সিস্টেম তৈরীতে এটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। এ সিস্টেমটি সরাসরি জনগণের সাথে সম্পৃক্ত নয় তবে এটি পরোক্ষভাবে জনগণের নিরাপদ খাদ্য নিশ্চিত ভূমিকা রাখবে।

৭. সেবা সহজিকরণের সম্ভাব্য ব্যয় বিভাজন (খাত ভিত্তিক): অনলাইন প্ল্যাটফর্ম ব্যবহার করলে বছরে সর্বোচ্চ ২৫ হাজার টাকা অথবা এক্সেল সিটে করলে বিনা খরচে করা যাবে। দক্ষ লোকবল না থাকলে আউটসোর্সিং করা হলে আনুমানিক ২৫,০০০/- টাকা লাগবে।

৮. উপকারভোগীর সম্ভাব্য সংখ্যা: বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের প্রধান কার্যালয় ও জেলা কার্যালয়ের সকল কর্মকর্তাবৃন্দ

৯. সরকারের ভিশন/মিশন/কর্মপরিকল্পনাসমূহের সাথে সম্পৃক্ততা (বিস্তারিত):

এটি টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG) এর লক্ষ্যমাত্রা ২, ৩ ও ৬ এর সাথে সম্পর্কিত।

(পৌষালি নাওয়ার)  
বৈজ্ঞানিক কর্মকর্তা  
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ

ছক-৬

নমুনা প্রাপ্তির স্মারক ও তারিখ	মেট্রো/জেলার নাম	নমুনার ধরন	নমুনার কোড	প্যারামিটার	ফলাফল	গ্রহণযোগ্য মাত্রা	রেফারেন্স	ল্যাবের নাম	নমুনা সংগ্রহের স্থান ও তারিখ	উৎপাদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা

*Dinakar*

০৮.১২.২৪.০

শৈথিলি নাওয়ার

বৈজ্ঞানিক কর্মকর্তা

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ